# জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | : | ৩০/০৬/২০২২খ্রি.। |
| সময় | : | দুপুর ১২:০০ঘটিকা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | : | মে/২০২২খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ২৬/০৫/২০২২ খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে,UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | মে /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা মে/২২ মাসের উন্নয়নের চিত্র তুলে ধরেন। বহি:বিভাগ-৮৯৫৯, আন্ত:বিভাগ-৯৪৩,শয্যা ব্যবহারের হার-৬১% জরুরী বিভাগ-৭৪৫, অপারেশন মাইনর-২৭৫,ডেলিভারী রোগী-নরমাল ২৩,সিজার-০১,উপ-স্বাস্থ্য কেন্দ্র-১৩২৪,ডায়রিয়া-আঃ-৩০, মৃত:০০,কোভিড-আক্রান্ত-৩৫০, মৃত:০৬ ডেঙ্গু-আ:০০,মৃত:০০,যক্ষা-৩৬,কুষ্ঠ-০২,পরীক্ষা-নাই,গর্ভবতী মহিলার টি.ডি-১৮৯, সাধা: ২২৩৪, বিসিজি-৪৬৬,হাম রোবেলা (এমআর)-৪৮৭,পেন্টা ভেলেন্ট-৯০৩ হেপাটাইটিস বি/৩-৯০৩ এছাড়া ডায়রিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণ আছে। পর্যাপ্ত পরিমানে খাবার স্যালাইন ও অন্যান্য ঔষধ পত্র স্টক অনুয়ায়ী সরবরাহ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | মে /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রকল্প ভিত্তিক প্রদর্শনী, মাঠ দিবস ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। বর্তমান খরিপ-২ মৌসুমে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্বল্প জীবনকাল সম্পন্ন ধানের জাত চাষ করে ঐ জমিগুলোতে তেল জাতীয় ফসল চাষ করে তেলের উৎপাদন বৃদ্ধির সুযোগ সৃষ্টি করা সম্ভব। সারের সংকট মোকাবিলায় ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোড়দার করা হচ্ছে। টেপামধুপুরের সামান মিয়া ডিলারকে জুন/২২ থেকে সার বরাদ্দ এবং উত্তোলনে নিয়মিত করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | মে /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী যেমন- চিকিৎসা প্রদান, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, ঘাসের চারা বিতরণসহ সকল কাজ ভালভাবে চলছে। হৃষ্টপুষ্টকরণ প্রকল্পের আওতায় ২৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদের প্রকল্পের আওতায় প্রদত্ত ভিটামিন প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | মে /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। বন্যায় মৎস্য চাষে করণীয়, বন্যার পূর্বে মৎস্য চাষি ও উদ্যোক্তাগণের করণীয়, বন্যাকালীন মৎস্যচাষি ও উদ্যোক্তাগণের করণীয়, উপজেলা মৎস্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ কাউনিয়া উপজেলায় বিভিন্ন ইউনিয়নে পুকুর পরিদর্শনে মৎস্যচাষিদের সাথে মতবিনিময় করে মাছ চাষের পরামর্শ দেয়া হচ্ছে। উপজেলায় সকল ইউনিয়নে মৎস্য আইন বিষয়ক মাইকিং করা হয়েছে। সরকারি রাজস্ব বাজেটে বিল নার্সারী স্থাপন কার্যক্রম করতে টেপরীকুড়া বিল, সারাই, বিল নার্সারী পোনা অবমুক্ত করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

<table>
<tr><td rowspan="4">৫.</td><td rowspan="4">মে /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td><td rowspan="4">উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্লানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>মে /২০২২</td><td>৬৮৩</td><td>৭৪</td><td>৫২৭</td><td>১৭</td><td>৫৬</td><td>০৩</td><td>০৬</td><td>১,৩৬৬</td></tr>
<tr><td colspan="9">১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | মে /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। ঋণ বিতরণ, সঞ্চয় আদায়, প্রশিক্ষণ, চারাগাছ বিতরণ চলমান রয়েছে। নতুন দুইটি প্রকল্প পল্লীপ এর ঋণ বিতরণ, প্রশিক্ষণ শুরু হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা নির্বাচন বিভাগ, কাউনিয়া, রংপুর |

১৫. আনসার ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | মে /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কাউনিয়া, রংপুর। |

**বিবিধ বিষয়:**

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত- ২৮/০৬/২০২২খ্রি. তারিখে উপজেলা পরিষদ চত্বরে বাসাবাড়ী, দোকান ঘর ডরমেটরী সীটবরাদ্দ/বাতিল কমিটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>উপজেলা পরিষদে ০২টি নন গেজেটেড কোয়ার্টার যথা- করতোয়া ভবন ও সুরমা ভবন ০৪টি করে ফ্ল্যাট রয়েছে, প্রতি ফ্ল্যাট বর্তমান মাসিক ভাড়া= ২৮,০০/-টাকা হতে বৃদ্ধি করে =৩,৫০০/- টাকা মাসিক ভাড়া নির্ধারন করা হয়।<br>কোয়ার্টার নিচতলা পশ্চিম পার্শ্ব ,পল্লী দারিদ্র বিমোচন অফিসউপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস ,পশ্চিম পার্শ্বে বর্তমান মাসিক ভাড়া=৪,০০০/- টাকা হতে বৃদ্ধি করে =৪,৫০০/-টাকা মাসিক ভাড়া নির্ধারণ করা হয়<br>উপজেলা পরিষদে বিভিন্ন অফিস বর্তমান মাসিক ভাড়া রুম প্রতি ভাড়া=৫০/- টাকা হতে বৃদ্ধি করে মাসিক ভাড়া=১০০/- করে নির্ধারণ করা যেতে পারে। (অফিসের নামের তালিকা সংযুক্ত)।<br>উপজেলা বীর মুক্তিযোদ্ধা টিপুমুনশি অডিটোরিয়াম, সরকারি অফিসের যেমন জনগুরুত্বপূর্ণ বিভিন্ন দিবস,সেমিনার ব্যতিত অন্যান্য (০১ এক দিনের জন্য) সরকারি/বেসরকারি ভাড়া=৪,০০০/-টাকা এবং উপজেলা কনফারেন্স হলরুম ভাড়া ৩,০০০/-টাকা নির্ধারিত করা যেতে পারে। তবে এ বিষয়ে উপজেলা পরিষদ সভায় অনুমোদন পর কার্যকারিতা হবে।<br>উপজেলা ডরমেটরী সীট বরাদ্দ জন প্রতি মাসিক ভাড়া =৪০০/-টাকা হতে বৃদ্ধি করে মাসিক জনপ্রতি =৫০০/-টাকা নির্ধারণ করা হয়। উল্লেখ থাকে যে,<br>উপজেলা পরিষদ চত্বরে পূর্বদক্ষিণ দিকে ০৪টি দোকান বরাদ্দ বাতিল/ভাড়া বৃদ্ধি বিষয়ে আগামী জুন/২২ মাসে উপজেলা পরিষদ মাসিক সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে। সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে ০২টি নন গেজেটেড কোয়ার্টার যথা- করতোয়া ভবন ও সুরমা ভবন ০৪টি করে ফ্ল্যাট রয়েছে, প্রতি ফ্ল্যাট বর্তমান মাসিক ভাড়া= ২৮,০০/-টাকা হতে বৃদ্ধি করে =৩,৫০০/-টাকা মাসিক ভাড়া নির্ধারন অনুমোদিত হয়।<br>কোয়ার্টার নিচতলা পশ্চিম পার্শ্ব ,পল্লী দারিদ্র বিমোচন অফিস উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস ,পশ্চিম পার্শ্বে বর্তমান মাসিক ভাড়া=৪,০০০/-টাকা হতে বৃদ্ধি করে =৪,৫০০/-টাকা মাসিক ভাড়া নির্ধারন করার সিদ্ধান্ত অনুমোদিত হয়।<br>উপজেলা পরিষদে বিভিন্ন অফিস বর্তমান মাসিক ভাড়া রুম প্রতি ভাড়া=৫০/- টাকা হতে বৃদ্ধি করে মাসিক ভাড়া=১০০/- করে নির্ধারণ করার সিদ্ধিান্ত অনুমোদিত হয়। তবে সংশিষ্ট সকলকে অবহিত করতে হবে।<br>উপজেলা বীর মুক্তিযোদ্ধা টিপু মুনশি অডিটোরিয়াম, সরকারি অফিসের যেমন জনগুরুত্বপূর্ন বিভিন্ন দিবস,সেমিনার ব্যতিত অন্যান্য (০১ এক দিনের জন্য) সরকারি/বেসরকারি ভাড়া=৪,০০০/-টাকা এবং উপজেলা কনফারেন্স হলরুম ভাড়া ৩,০০০/-টাকা নির্ধারিত করা করার সিদ্ধান্ত অনুমোদিত হয়।<br>উপজেলা ডরমেটরী সীট বরাদ্দ জন্য প্রতি মাসিক ভাড়া =৪০০/-টাকা হতে বৃদ্ধি করে মাসিক জনপ্রতি =৫০০/-টাকা নির্ধারন করার সিদ্ধান্ত অনুমোদিত হয়।<br>উপজেলা পরিষদ চত্বরে পূর্বদক্ষিণ দিকে ০৪টি দোকান বরাদ্দ বাতিল/ভাড়া বৃদ্ধি বিষয়ে কমিটির সভা নোটিশ করে দোকানঘর মালিকসহ আলোচনা ও সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া পুন: বৃদ্ধিকৃত ভাড়া ০১/০৭/২২খ্রি. তারিখ হতে কার্যকর হবে। সংশিষ্ট সকলকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কাউনিয়া-লালমনিরহাট-কুড়িগ্রাম হাইওয়ের কাউনিয়া বাসষ্ট্যান্ড সংলগ্ন স্থানে উল্লিখিত ত্রিমুখী রাস্তা ছাড়াও আরও দুটি ত্রিমুখী রাস্তাসহ মোট ছয়টি রাস্তার মুখ সর্বদাই লোকে লোকারন্য থাকে। এখানে বাস, ট্রাক, অটো ইত্যাদির বিশৃঙ্খল অবস্থানের ফলে জনগণের চলাচল করতে প্রতিনিয়তই ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হয়। এখানে যানজট লেগেই থাকে। প্রায়শই এখানে ঘটছে দুর্ঘটনা। এছাড়া এখানে রয়েছে এ উপজেলাস্থ একটি প্রাথমিক বিদ্যালয়, একটি ত্রিমুখী বালিকা উচ্চ বিদ্যালয়। প্রতিদিনই এই কোমলমতি শিশুরা জীবনের ঝুঁকি নিয়ে এই রাস্তা পাড় হয়ে বিদ্যালয়ে যাচ্ছে। শুধু তাই নয়, এখানে ছয় রাস্তার মোড় হওয়ায় ট্রাফিক নিয়ন্ত্রণ ও কষ্টসাধ্য বিষয়। এখানে অনতিবিলম্বে একটি গোল চত্বর হলে জনগণসহ যান চলাচলে কিছুটা স্বোগান্তি লাঘব হবে। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া-লালমনিরহাট-কুড়িগ্রাম হাইওয়ের কাউনিয়া বাসস্ট্যান্ড সংলগ্ন স্থানে পথচারীর দূর্ঘটনা এড়াতে সাবধানে যানবাহন চলাচলের জন্য গোল চত্বর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এবিষয়ে নির্বাহী প্রকৌশলী, রংপুর সড়ক বিভাগ, রংপুর বরাবর পত্র প্রদান করে জেলা প্রশাসক,রংপুরকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার,কাউনিয়াকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , কাউনিয়া, রংপুর। |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, এ অর্থবছরে এপিএতে অন্যতম ইন্ডিকেটর জন্মনিবন্ধন। এবিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ অন্যান্য দপ্তর প্রধানগণকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে জন্মনিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকল |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে যেসকল আলোচনা হলো সেবিষয়ে দিক নির্দেশণা প্রদান করেন এবং উন্নয়নমূলক কাজে সকলের স্বতর্স্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩/১/২২

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

তারিখঃ ৩০/০৬/২০২২খ্রি.

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.১৯- ৪৫৮/১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................ অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

৩০/০৬/২২

(তাহমিনা তারিন)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd



D:\Akmal\Upzilla Rejulation\UPAZILA_REJU-1 (AutoRecovered).doc